

আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪  
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

## MRT Line-4

২০৩০ সালের মধ্যে কমলাপুর-নারায়ণগঞ্জ রেলওয়ে ট্রাকের নিচ বা পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ Underground MRT অথবা উড়াল মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ২১ মার্চ ২০১৯ তারিখ জাপান সরকার, বাংলাদেশ সরকার ও জাপানের বেসরকারি বিনিয়োগকারীদের অংশগ্রহণে বাংলাদেশে অনুষ্ঠিত তৃতীয় প্লাটফর্ম সভায় গত ১৫ জুন ২০১৭ তারিখ জাপান ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত সহযোগিতা স্মারক এর আওতায় PPP পদ্ধতিতে G2G ভিত্তিতে MRT Line-4 নির্মাণের নিমিত্ত প্রস্তাব পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত প্রদান করা হয়। এ সভার সিদ্ধান্ত অনুসরণে গত ২৭ মে ২০১৯ তারিখ নির্ধারিত ফরমেটে প্রস্তাব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।